যখন তোমরা কোনো ভূখণ্ডে প্লেগ বা মহামারী ছড়িয়ে পড়তে শুনবে, তখন সেখানে প্রবেশ করো না। আর তা ছড়িয়ে পড়েছে এমন ভূখণ্ডে তোমরা যদি থাক, তাহলে সেখান থেকে বের হয়ো না।

উসামা ইবন যায়েদ রাদিয়াল্লাহু ‘আনহুমা থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “যখন তোমরা কোন ভূখণ্ডে প্লেগ বা মহামারী ছড়িয়ে পড়তে শুনবে,
তখন সেখানে প্রবেশ করো না। আর তা ছড়িয়ে পড়েছে এমন ভূখণ্ডে তোমরা যদি থাক, তাহলে
সেখান থেকে বের হয়ো না।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

যখন কোনো এলাকায় মহামারী দেখা দেয়, আর তাতে কোনো লোক প্রবেশ না করে থাকে, তাহলে তার ও তার সাথীদের সুস্থতা সংরক্ষণের স্বার্থে তার জন্য সেখানে প্রবেশ করা বৈধ হবে না। আর যদি কোনো এলাকায় মহামারী দেখা দেয়, আর সে সেখানে রয়েছে, তাহলে তার জন্য সে এলাকা থেকে বের হওয়া বৈধ হবে না। তার দায়িত্ব হলো আল্লাহর নির্ধারিত তাকদীরের ওপর ধৈর্য ধারণ করা, যাতে তার জন্য সাওয়াব লিপিবদ্ধ করা হয়।

https://sunnah.global/hadeeth/bn/show/5737